

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -২ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.১৫.৪৪৩

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২২
২২ জুলাই ২০১৫

বিষয়ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রস্তাবিত “ক্ষুদ্রঋণ বিতরণ নীতিমালা” প্রণয়ন।

সূত্রঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্মারক এনসিসি/প্রকৌঃ/২১(কর্ম)/১১(গক)/২১/২০১২-১৫/২৮, তাং ২৮ জুন ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে প্রস্তাবিত “ক্ষুদ্রঋণ বিতরণ নীতিমালা” অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, উক্ত পত্রে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর কোন্ ধারা সিটি কর্পোরেশন কর্তৃক ক্ষুদ্রঋণ পরিচালনার করতে পারে এবং এ ধরনের কার্যক্রম অন্যান্য সিটি কর্পোরেশন বা পৌরসভায় রয়েছে কিনা; থাকলে, কী নীতিমালা অনুসরণ করা হয়, সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ তথ্য প্রদান করা হয়নি।

০২। এমতাবস্থায়, প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

(ক) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী সিটি কর্পোরেশন কর্তৃক ক্ষুদ্রঋণ পরিচালনার করতে পারে কিনা:

(খ) অন্যান্য সিটি কর্পোরেশন বা পৌরসভায় ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হয় কিনা; থাকলে, কী নীতিমালা অনুসরণ করা হয়?



(জসীম উদ্দীন হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১১৬০৩

প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

০৫। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।